

## যীশু গাছের মধ্যে একটি চোরকে খুঁজে পেয়েছিলেন

### শিশুদের অনুতাপ করতে সাহায্য করুন

শিশুদের বয়স এবং প্রয়োজনের সঙ্গে মানানসই কার্যকলাপগুলো পছন্দ করুন।

বড়শিশু অথবা শিক্ষকঃ লুক ১৯ঃ১-১০ পদে সকেয়ের গল্পটি পাঠ করুন। এই গল্পটিতে এক ব্যক্তির বিষয় বলা হয়েছে, যিনি টাকা চুরি করেছিলেন এবং যীশুর সঙ্গে সাক্ষাৎ করার পর তিনি অনুতপ্ত হয়েছিলেন।

শিশুদের এই অধ্যয়নের শেষ পৃষ্ঠায় প্রদত্ত ছবিটি নকল করতে অথবা রঙ দিতে দিন।

জিজ্ঞাসা করুনঃ (প্রতিটি প্রশ্নের পর উত্তর প্রদত্ত হয়েছে।)

- সকেয়ের কাজ কি ছিল? (২ পদ দেখুন। করগ্রাহীরা প্রায়ই লোকদের কাছে কর হিসাবে অধিক টাকা দাবী করতো। তারা অতিরিক্ত টাকা রেখে দিত এবং খুব ধনী লোক হয়ে যেত। তারা চোর ছিল।)
- সকেয় কেন গাছে উঠেছিলেন? (৩ পদ দেখুন)
- যীশু কিভাবে সকেয়কে দেখিয়েছিলেন যে তিনি তাকে চোর হওয়ার বিষয় ক্ষমা করেছেন? (৫ পদ দেখুন। যীশু খাওয়ার জন্য তার ঘরে গেছিলেন।)
- যীশু যখন তাঁর সঙ্গে কথা বলেছিলেন তখন সকেয়ের কি অনুভব হয়েছিল? (৬ পদ দেখুন। তিনি আনন্দিত হয়েছিলেন।)
- সকেয় জানতেন যে যীশু তাঁকে ক্ষমা করেছিলেন। কৃতজ্ঞতা স্বরূপ তিনি কি করেছিলেন? (৮ পদ দেখুন)
- যীশু কাদের রক্ষা করতে এসেছিলেন? (১০ পদ দেখুন)

সকেয়ের গল্পটি নাটক করুন। আরাধনার সময় শিশুদের দিয়ে এই ছোট নাটকটি উপস্থাপন করার জন্য আরাধনার নেতার দিয়ে ব্যবস্থা করুন। শিশুদের সঙ্গে নাটকটি প্রস্তুত করতে সময় দিন। গল্পটির সব অংশগুলো ব্যবহারের প্রয়োজন নেই।

- বড় শিশুদের অথবা বড়দের দিয়ে নিম্নলিখিত চরিত্রগুলো অভিনয় করানঃ

বর্ণনাকারীঃ গল্পটি সংক্ষিপ্ত করবেন এবং শিশুদের যা বলতে হবে এবং করতে হবে তা মনে রাখতে তাদের সাহায্য করবেন।

যীশু

সকেয়ঃ একটা থলিতে পাথরের টুকড়ো অথবা কাগজ রাখবে যা মুদ্রার প্রতিনিধিত্ব করবে।

- ছোট শিশুরা লোকদের ভূমিকায় অভিনয় করবে।

বর্ণনাকারীঃ গল্পটির প্রথম অংশ বলবে (লুক ১৯ঃ১-৬)। তারপর বলবে, “শুনুন, লোকেরা কি বলছে!”

লোকেরাঃ “যীশু আসছেন!”

“সকেয়কে দেখ! সে গাছে উঠছে!”



“আমার কর সংগ্রহ করার সময় সে আমার টাকা চুরি করেছিল।”

“ঐ বেঁটে পুঁচকে লোকটা খুব বাজে লোক!”

“আমার আশা যীশু তাকে শাস্তি দেবেন!”

**সক্লেয় :** চেয়ারের ওপর উঠে দাঁড়াবে।

**যীশু :** উপরের দিকে তাকিয়ে বলবেন, “সক্লেয়, নেমে এসো। আজ আমি তোমার ঘরে আহা করব।”

**বর্ণনাকারী :** গল্পের দ্বিতীয় অংশটা পড়বে (৭-১০ পদ) এবং বলবে, “শুনুন, সক্লেয় কি বলেছিল।”

**সক্লেয় :** চেয়ার থেকে নেমে সে বলবে, “যীশু আমার ঘরে আসছেন! তিনি আমাকে ক্ষমা করেছেন! আমি খুব খুশী! আমি যা চুরি করেছি তার থেকে বেশী ফিরিয়ে দেব!” (খলি থেকে টাকা বের করে লোকদের ফিরিয়ে দেবার ভান করবে।) বলবে, “আমি গরীবদের সাহায্য করব! এখানে, আমি এই টাকা দেব। এখানে, এই টাকাগুলো নিয়ে নাও।”

**যীশু :** “এই ধরনের লোকদের রক্ষা করতেই আমি এসেছি। সক্লেয় হারিয়ে গেছিল। কিন্তু এখন সে পরিত্রাণ লাভ করেছে!”

**লোকেরা :** “দেখ দেখ, সক্লেয় আমাকে এই টাকাগুলো দিয়েছে!”

“কিভাবে যীশু এই ধরনের চোরকে পরিবর্তন করলেন?”

“আমিও আমার পাপের ক্ষমার জন্য ঈশ্বরকে চাই!”

**বর্ণনাকারী :** নাটকের শেষে বলবেন, ধন্যবাদ শিশুরা।

যদি শিশুরা বড়দের জন্য এই নাটকটি উপস্থাপন করে, তবে প্রথম পৃষ্ঠায় যে প্রশ্নগুলোর তালিকা প্রদত্ত হয়েছে, তা তাদের বড়দের কাছে জিজ্ঞাসা করতে দিন।

**শিশুদের জিজ্ঞাসা করুন :** “আর কি কি ভাবে আমরা ঈশ্বরের প্রতি আমাদের কৃতজ্ঞতা প্রদর্শন করতে পারি, যেহেতু তিনি আমাদের ক্ষমা করেছেন?” (শিশুদের উদাহরণ দিতে দিন।)

একখলি টাকার ছবি আঁকুন। শিশুদের ছবিটি নকল করতে দিন। পরবর্তী আরাধনার সময় তারা বড়দের কাছে ছবিগুলো দেখাতে পারে। তাদের ব্যাখ্যা করতে দিন যে এই ছবিটা ব্যাখ্যা করছে কিভাবে ঈশ্বর আমাদের হৃদয় পরিবর্তন করেন, কারণ টাকার থেকে তাঁকে ভালবাসা অনেক গুরুত্বপূর্ণ বিষয়।



যিশাইয় ১ঃ১৮ পদটি মুখস্থ করুন।

**কবিতা আবৃত্তি :** গীত ৫ঃ১, ৭, এবং ১৩ পদ তিনটি তিনজন শিশুকে আবৃত্তি করতে দিন।

**প্রার্থনা :** “পিতা তোমাকে অনেক ধন্যবাদ, কারণ তুমি আমাদের খুব ভালবাস। তুমি আমাদের রক্ষা করতে এসেছিলে, এমনকি যখন আমরা হারিয়ে যাওয়া পাপী ছিলাম। তুমি আমাদের ক্ষমা করেছিলে এবং আনন্দে পূর্ণ করেছ। আমরা সর্বদা তোমার প্রতি কৃতজ্ঞ। আমরা অন্য লোকদের ভালবাসার মাধ্যমে তোমার প্রতি আমাদের প্রেম প্রদর্শন করতে চাই।”